



রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
অপারেশন বিভাগ

কোম্পানির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের নিমিত্ত গঠিত টিমের ২০২৪-২০২৫ বছরের
৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	প্রকৌ. ফেরদৌসী বেগম মহাব্যবস্থাপক (অপারেশন) ও ইনোভেশন অফিসার, ই-গভর্ন্যান্স টিম
সভার তারিখ	০২-০১-২০২৫ খ্রি.
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা।
স্থান	মহাব্যবস্থাপক (অপারেশন) এর দপ্তর।
উপস্থিতি	পরিশিষ্ট-ক'।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা **পরিশিষ্ট-ক'** দ্রষ্টব্য।

২.০ আলোচনা:

সভার শুরুতে ইনোভেশন অফিসার ও সভাপতি মহাব্যবস্থাপক (অপারেশন) মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

২.১। কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ১.১ (১.১.১) কর্মসম্পাদন সূচকে বর্ণিত নুন্যতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে নির্ধারিত ফরমেটে ১০ ডিসেম্বর ২০২৪ এর মধ্যে ইনোভেশন কমিটির নিকট প্রেরণের জন্য গত ১২ আগস্ট ২০২৪ এবং ১৬ অক্টোবর ২০২৪ ও ২০ নভেম্বর ২০২৪ তারিখে মোট তিনটি পত্র সকল দপ্তরে প্রেরণ করা হয়েছিল। প্রশাসন বিভাগ হতে এইচ আর সফটওয়্যারে ছুটি ব্যবস্থাপনা পদ্ধতি সংযুক্ত করার বিষয়ে প্রশাসন বিভাগ হতে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রস্তাব পাওয়া গেছে।

২.২। কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ২.১ (২.১.১) সূচক মোতাবেক ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহ সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক চলমান রাখতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট স্ব-স্ব বিভাগ কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে ইনোভেশন অফিসারের নিকট প্রত্যয়ন প্রেরণ করা যেতে পারে।

২.৩। কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ৩.১ (৩.১.১) সূচক মোতাবেক উদ্ভাবনী ধারণাসমূহের মধ্য হতে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্দ্যোগ নির্বাচনের লক্ষ্যে ইনোভেশন টিম কর্তৃক ১৫-০৪-২০২৫ তারিখের মধ্যে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.৪। কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ৪.১ (৪.১.১) সূচক মোতাবেক ই-ফাইলে নিস্পত্তিযোগ্য কোম্পানির নথির তালিকা নির্ধারণ করে একটি প্রতিবেদন গত ২৯ আগস্ট ২০২৪ তারিখে পেট্রোবাংলা বরাবর প্রেরণ করা হয়েছে। ইতিপূর্বে বাস্তবায়নকৃত ডি-নথি ব্যবহারের ডাটাবেজ আপডেট করার উদ্দোগ গ্রহণ করা হয়েছে। ডাটাবেজটি আপডেট করা হলে বিভাগ কর্তৃক ডি-নথিতে নিস্পত্তিকৃত নোটের শতকরা হারের তথ্য ডাউনলোড করা যাবে। কর্মসূচক ৪.১ (৪.১.২) মোতাবেক বিভাগ কর্তৃক ডি-নথিতে নিস্পত্তিকৃত নোটের শতকরা হারের তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে ইনোভেশন ইনোভেশন অফিসারের নিকট প্রেরণ করা যেতে পারে।

২.৫। কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ৫.১ (৫.১.১) ও (৫.১.২) সূচক মোতাবেক কোম্পানির ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং পিএন্ডভি বিভাগ হতে হালনাগাদকরণের প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে ইনোভেশন অফিসার বরাবর প্রেরণ করা যেতে পারে।

২.৬। কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ৬.১ (৬.১.১) সূচক মোতাবেক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত কর্মশালা/সেমিনার ০৪

টির মধ্যে ১৩-০৯-২০২৪ খ্রি. তারিখে ও ১৩-১১-২০২৪ খ্রি. মোট ০২ টি কর্মশালা/সেমিনার আয়োজন সম্পন্ন হয়েছে। ৮.১ (৮.১.১) সূচক মোতাবেক মাইগভ প্ল্যাটফর্মের ব্যবহার বৃদ্ধি বিষয়ক ০২ টি কর্মশালা/সেমিনার মধ্যে ১৩-১১-২০২৪ খ্রি. তারিখে ০১ টি কর্মশালা/সেমিনার আয়োজন সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কর্মশালা/সেমিনার নির্দিষ্ট সময়কালে সম্পন্ন করার জন্য প্রশাসন বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে।

২.৭। কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ৭.১ (৭.১.১) সূচক মোতাবেক নিজ অফিস ও আওতাধীন অফিসে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন করা হয়েছে।

উল্লিখিত ২.১ হতে ২.৭ এর বিষয়ে কমিটির সকল সদস্য ঐক্যমত পোষন করে।

৩.০ সিদ্ধান্ত:

আইটেম ভিত্তিক বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রম.	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	কোম্পানির এইচ আর সফটওয়্যারে ছুটি ব্যবস্থাপনা সংক্রান্ত উদ্ভাবনী ধারণা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	<ul style="list-style-type: none">ইনোভেশন টিম ওপ্রশাসন বিভাগ।
৩.২	কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ৬.১ (৬.১.১) সূচক মোতাবেক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত অবশিষ্ট ০২ (দুই) টি কর্মশালা/সেমিনার ও ৮.১ (৮.১.১) সূচক মোতাবেক মাইগভ প্ল্যাটফর্মের ব্যবহার বৃদ্ধি বিষয়ক অবশিষ্ট ০১ (এক) টি কর্মশালা/সেমিনার নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে।	<ul style="list-style-type: none">ইনোভেশন টিম ওপ্রশাসন বিভাগ।

৪.০ আর কোন আলোচনার বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Ferdousi

১৯-০১-২০২৫

প্রকৌ. ফেরদৌসী বেগম

মহাব্যবস্থাপক (অপারেশন) ও ইনোভেশন

অফিসার, ই-গভর্ন্যান্স টিম

০২৮৯০০৫১৭

gmoperation@rpgcl.org.bd

তারিখ: ৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ

১৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.১৯.০০০০.৫০২.৯৯.০০২.২৩.৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল।

২। মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল।

৩। উপমহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল।

৪। ব্যবস্থাপক/স্থাপনা প্রধান (সকল), আরপিজিসিএল।

৫। উপব্যবস্থাপক, সেন্ট্রাল ওয়ার্কশপ সেকশন, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড।

৬। উপব্যবস্থাপক, হাইড্রোজেন সেল, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড।

- ৭। উপব্যবস্থাপক, বিল অ্যান্ড রেভিনিউ সেকশন, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড।
৮। সহকারী ব্যবস্থাপক, পার্সোনেল সেকশন, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড।



Ferdousi

১৯-০১-২০২৫

প্রকৌ. ফেরদৌসী বেগম
মহাব্যবস্থাপক (অপারেশন) ও ইনোভেশন
অফিসার, ই-গভর্ন্যান্স টিম